

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
টাউন প্ল্যানিং  
www.udd.gov.bd

তারিখ: ৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০০২.৩৩.০০০৩.১৭.৩০৯

বিষয়: গুলশান-বনানী বারিধারা লেক উন্নয়ন প্রকল্পের আওতায় গুলশান- বাড্ডা লিংক রোড হতে শাহাজাদপুর (মরিয়ম  
টাওয়ার-২) পর্যন্ত লেকের পাড় বরাবর লেকড্রাইভ সড়ক ও ওয়াকওয়ে নির্মাণের লক্ষ্যে মহানগর জরীপের উপর প্রণীত  
প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের নকশা মোতাবেক মোট ৩.২৯ একর জমি অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নম্বর: ২৫.৩৯.০০০০.০৩২.১৪.০৩৬.১৫ (অংশ-৩)/৪৪৮; তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২৫

উপরোক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গুলশান-বনানী বারিধারা লেক উন্নয়ন প্রকল্পের আওতায় গুলশান- বাড্ডা লিংক রোড হতে শাহাজাদপুর (মরিয়ম টাওয়ার-২) পর্যন্ত লেকের পাড় বরাবর লেকড্রাইভ সড়ক ও ওয়াকওয়ে নির্মাণের লক্ষ্যে মহানগর জরীপের উপর প্রণীত প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের নকশা মোতাবেক মোট ৩.২৯ একর জমি অধিগ্রহণের নিমিত্ত অনাপত্তি পত্র প্রদানের জন্য আবেদন করেছেন। প্রস্তাবিত জমি ঢাকার বাড্ডা ও ভাটারা মৌজায় অবস্থিত মোট ৩.২৯ একর জমির তফসিল (বিবেচ্য সংযুক্তি: তফসিল.pdf)। উল্লেখ্য, প্রস্তাবিত জমিতে কোন সামাজিক প্রতিষ্ঠান, সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠান নেই। এমতাবস্থায়, নিম্নলিখিত শর্তসাপেক্ষে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি প্রদান করা হল।

#### শর্তসমূহঃ

- ১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।
- ২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে।
- ৪। প্রকল্প এলাকায় উন্মুক্ত স্থান ও সবুজ বনায়ন এর ব্যবস্থা থাকতে হবে।
- ৫। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত Drainage এর ব্যবস্থা রাখতে হবে।
- ৬। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।


উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জমিতে কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

#### সংযুক্তিঃ

১. সরেজমিন পরিদর্শন প্রতিবেদন (বিবেচ্য সংযুক্তি: সরেজমিন পরিদর্শন প্রতিবেদন.pdf, সদয় দ্রষ্টব্য)।
২. তফসিল (বিবেচ্য সংযুক্তি: তফসিল.pdf, সদয় দ্রষ্টব্য)।
৩. রিজিওনাল ম্যাপ বিবেচ্য সংযুক্তি: প্রস্তাবিত ভূমির গুগল ম্যাপ.pdf, সদয় দ্রষ্টব্য)।
৪. লে-আউট প্ল্যান (বিবেচ্য সংযুক্তি: লে আউট ম্যাপ.pdf, সদয় দ্রষ্টব্য)।
৫. ভূমি ব্যবহার ম্যাপ (বিবেচ্য সংযুক্তি: ভূমি ব্যবহার ম্যাপ.pdf, সদয় দ্রষ্টব্য)।

#### সকল সংযুক্তিসমূহ:

- (১) প্রস্তাবিত ভূমির গুগল ম্যাপ
- (২) তফসিল
- (৩) সরেজমিন পরিদর্শন প্রতিবেদন
- (৪) ভূমি ব্যবহার ম্যাপ
- (৫) লে আউট ম্যাপ



২৩-১০-২০২৫

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

২২৩৩৫১২১৩

mahamud\_planner@yahoo.com

প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.০০২.৩৩.০০০৩.১৭.৩০৯/১ (১০)

তারিখ: ৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ  
২৩ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত সচিব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ২। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মাননীয় উপদেষ্টার দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়কে সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব ( সিনিয়র সহকারী সচিব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় (সচিব মহোদয়কে সদয় অবগতির জন্য)।
- ৪। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৫। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৬। সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৭। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর।
- ৮। প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৯। সহকারী প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর।
- ১০। প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



২৩-১০-২০২৫

মো: রাসেদুল ইসলাম

সহকারী প্ল্যানার